চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা (ডিবি) শাখার বিশেষ অভিযানে ৭২ বোতল ফেন্সিডিল উদ্ধার সহ একজনকে গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা ডিবি পুলিশ।

রবিবার বিকেল সাড়ে চারটার সময় গোপন সংবাদের চুয়াডাঙ্গা সদর থানাধীন ডিঙ্গেদাহ টু হিজলগাড়ি রোডের পাশে শংকরচন্দ্র ইউনিয়নের জালশুকা ঈদগাঁহ পাড়া থেকে ফেনসিডিলসহ মোছাঃ সালমা বেগম (৫০) আটক করে ডিবি।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ সাজ্জাদ হোসেন, এএসআই (নিঃ) শ্রী বিজন ভট্টাচার্য, এএসআই (নিঃ) মোঃ আবেদুর রহমান, এএসআই (নিঃ) শ্রী রমেন কুমার সরকার, কং/৩১৪ সাদ আহামেদ,কং/৬৪০ সাকিব আহম্মেদ, কং/৪০৭ শামিম হোসেন, নারী কং/৯৩১ মোছাঃ সুরভী খাতুন গোপন সংবাদের ভিিওতে চুয়াডাঙ্গা সদর থানাধীন ডিঙ্গেদাহ টু হিজলগাড়ি রোডের পাশে শংকর চন্দ্র ইউনিয়নের জালশুকা ঈদগাঁহ পাড়া মোছাঃ সালমা বেগম (৫০), স্বামী মোঃ আব্দুল মালেক, পিং-মৃতঃ আব্দুল কুদ্দুস বিশ্বাস, থানা ও জেলা-চুয়াডাঙ্গার একতলা বিশিষ্ট বসত বাড়ির শোবার ঘরের ভিতর থেকে একটি প্লাস্টিকের বস্তার মধ্যে হতে বিশেষ কায়দায় মোড়ানো অবস্থায় ৭২ (বাহাত্তর) বোতল আমদানি নিষিদ্ধ অবৈধ মাদকদ্রব্য ভারতীয় ফেন্সিডিলসহ গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।